# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ
## ইসলামপুর শাখা, ঢাকা।

### অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, **'মেসার্স রাকিব ইন্টারন্যাশনাল'** এবং **'মেসার্স জে.এস.আর. কর্পোরেশন'** নামীয় ব্যবসা প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারী জনাব মোঃ রমজান আলী, পিতা- মৃত আব্দুল জলিল বাশার, ঠিকানা- দোকান নং- ৯৭ ও ৯৮, বেজমেন্ট-২, গুলশান আরা সিটি, ইসলামপুর ঢাকা কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, ইসলামপুর শাখা, ঢাকা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩০/০৬/২০১৭ ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ **মেসার্স রাকিব ইন্টারন্যাশনাল** এর হিসাবে ব্যাংকের পাওনা মোট,৪,২৩,২৩,৪৪৮.৩০ টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্নাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

#### বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল

**(১)** Dist-Gazipur, P.S-Gazipur Sadar, Mouza-Teck Kathora, J.L. No-31, C.S. Khatian No-371, S.A. Khatian No-689, R.S. Khatian No-476, C.S. & S.A. Plot No-635, R.S. Plot No-1086, R.S. Mutation Khatian No-689(S.A)/476(R.S), Jote No-2631, Mutation Plot No-635 (S.A)/1086 (R.S) area of land 17.50 decimals. Covered by registered sale deed No-14687, dated-6/5/2007 owned by Md. Ramjan Ali & Mrs. Rina Akter.

**(২)** Dist-Gazipur, P.S-Gazipur Sadar, Mouza-Teck Kathora, J.L. No-31, C.S. Khatian No-333, 371, C.S. Khatian No-371, 333, S.A. Khatian No-603, 689, 690, R.S. Khatian No-476, 750 & 752, C.S. & S.A. Plot No-614, 618, 619, 635, R.S. Plot No-1085, $\frac{1083}{2891}$, 1083, 1060, 1084, Jote No-2474, area of land 30.12 decimals. Covered by registered sale deed No-14928, dated-10/7/2006 owned by Md. Ramjan Ali.

**(৩)** Dist-Gazipur, P.S-Gazipur Sadar, Mouza-Teck Kathora, J.L. No-31, C.S. Khatian No-371, 333, S.A. Khatian No-689, 603, R.S. Khatian No-476, 750, C.S. & S.A. Plot No-635, 613, 619, 618, R.S. Plot No-1086, 1088, 1085, 1060, R.S. Mutation Khatian No-603(S.A)/750(R.S.), 689(S.A)/476(R.S), Jote No-2286, Mutation Plot No-613(S.A)/ 1088(R.S), 619(S.A)/ 1085(R.S), 618(S.A)/1060(R.S), 635(S.A)/ 1086(R.S), area of land 49.33 decimals. Covered by registered sale deed nos-7360, 2239, 2240, dated-13/4/2006, 8/02/2006 owned by Md. Ramjan Ali & Mrs. Rina Akter.

**(৪)** Dist-Gazipur, P.S-Gazipur Sadar, Mouza-Teck Kathora, J.L. No-31, C.S. Khatian No-371, S.A. Khatian No-689, R.S. Khatian No-752, C.S. & S.A. Plot No-614, R.S. Plot No-$\frac{1083}{2891}$, R.S. Mutation Khatian No-689(S.A)/752(R.S.), Jote No-2474, Mutation Plot No-614(S.A)/ $\frac{1083}{2891}$(R.S), area of land 3.75 decimals. Covered by registered exchange deed being No-28646, dated-20/12/2006 owned by Md. Ramjan Ali & Mrs. Rina Akter.

#### নিলামের শর্তাবলী

(১) আগামী ২৪/০৮/২০১৭ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ইসলামপুর শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে ।

(২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ইসলামপুর শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে

(৩) উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহব্বান করিতে পারিবেন।

(৪) দরদাতাগন তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহনযোগ্য হইবে না।

(৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মুল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

(৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে ।

(৭) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

(৮) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

(৯) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

**ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ইসলামপুর শাখা, ঢাকা**